

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২০.১৯.৫৭

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৫ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-২২৮৮/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে  
টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৪.০৩.২০০৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, হযরত রাবেয়া বশরী (র:) মহিলা মাদরাসা এর পক্ষে আতিকুল ইসলাম, সহকারী শিক্ষক, পিতা: আবদুল হালিম, গ্রাম: দক্ষিণ-পূর্ব আওরিয়া, থানা: নেছারাবাদ, জেলা: পিরোজপুর কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২২৮৮/২০০৭ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ এবং আর্জি পর্যালোচনা করে দেখা যায় যে, মাউশি অধিদপ্তরের মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প পরিচালক কর্তৃক উপরিউক্ত হযরত রাবেয়া বশরী (র:) মহিলা মাদরাসার ছাত্রীদের উপবৃত্তি ও টিউশন ফি স্বগিতাদেশ প্রদান করা হয়। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে আবেদনকারী কর্তৃক উক্ত মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প পরিচালক এর স্মারক পত্র নং-এফ এস এস পিপি আই ইউ/এফ ও/০১/২০০৫/৩৭২৪, তারিখ: ০৮.০২.২০০৫ খ্রি:-কে তর্কিত আখ্যায়িত করে রিট পিটিশন নং-২২৮৮/২০০৭ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-২২৮৮/২০০৭ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপন্ডেন্ট প্রকল্পপরিচালক, মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপন্ডেন্টসহ মোট ৩ (তিন) জনকে রেসপন্ডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত মামলা বিষয়ে আইনী ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের আইন সেক্টর দ্বারা নং- শিম আইনসেস রীট-১৫০/২০০৭/১৮৭, তারিখ: ৩১.০৫.২০০৭ খ্রি: মূলে প্রকল্পপরিচালক, মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্প, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-কে পত্র প্রেরণ করা হয় কিন্তু সে পত্রের কোন জবাব মন্ত্রণালয়ে অদ্যাবধি পাওয়া যায়নি।

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না, মামলাটির শুনানী হয়ে কোন রায় হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তা জানা প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-২২৮৮/২০০৭ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতা করার লক্ষ্যে গৃহীত আইনী কার্যক্রমের তথ্য আগামী ৩০.০৫.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাননীয় শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২০.১৯.৫৭/১(৭)

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৫ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্মসচিব (অতিষ্ঠ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অতিষ্ঠ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অফিস কপি, মাস্টার কপি



১৯-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)